



CAF বিষয়ে ক্লিনারদের জন্য নির্দেশিকা

পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ক জবাবদিহিতা কাঠামো (CLEANING ACCOUNTABILITY FRAMEWORK, CAF) একটি স্বাধীন সংস্থা। আমরা পরিষ্কার-পরিচ্ছন্নতা শিল্পে মানদণ্ড বজায় রাখার বিষয়ে প্রচারণা চালানোর জন্য ব্যবসা প্রতিষ্ঠান, সরকার ও ইউনিয়নের সাথে একসঙ্গে কাজ করি।

CAF স্টার রেটিং স্কিম

CAF এর কেন্দ্রবিন্দুতে রয়েছে CAF এর স্টার রেটিং স্কিম। কোনো নির্দিষ্ট ভাবে CAF এর মানদণ্ড বজায় রাখা হচ্ছে কিনা তা যাচাই করার জন্য CAF ক্লিনার, পরিষ্কার-পরিচ্ছন্নতা কন্ট্রাক্টর, বিল্ডিং ম্যানেজার, মালিক ও ভাড়াটিয়াদের সাথে কাজ করে।





CAF এর 3 স্টার মানদণ্ডের চেকলিস্ট:


- ক্লিনারদেরকে কমপক্ষে ন্যূনতম মজুরি প্রদান করা হয় এবং তারা ছুটি ও অন্যান্য অধিকারে অ্যাক্সেস পেয়ে থাকেন
- নিয়োগকারীরা আইনসঙ্গতভাবে আচরণ করেন, যেমন ক্লিনারদের বেতন, ট্যাক্স ও সুপারঅ্যানুয়েশন সঠিকভাবে প্রদান করছেন।
- হয়রানি মোকাবেলা ও অভিযোগ নিষ্পত্তির বিষয়গুলো দেখাশোনার জন্য নিয়োগকারীদের যথাযথ নীতিমালা ও প্রক্রিয়া রয়েছে
- ক্লিনাররা নিরাপদ ও যুক্তিসঙ্গত সীমার মধ্যে কাজ করেন
- কর্মস্থলটি নিরাপদ
- নিয়োগকারীরা সঠিকভাবে কর্মচারীদের রেকর্ড রাখেন এবং তারা আর্থিকভাবে টিকে থাকতে সক্ষম
- ক্লিনাররা চাইলে স্বাধীনভাবে তাদের ইউনিয়নে যোগ দিতে পারেন
- যেকোনো সমস্যা সমাধানের জন্য সব স্টেকহোল্ডাররা সদিচ্ছা নিয়ে একসঙ্গে কাজ করেন

ক্লিনারদের ভূমিকা

কর্মীদের সম্পৃক্ততা

ক্লিনারদের কর্মস্থলে 3 স্টার মানদণ্ড বজায় রাখার বিষয়টি CAF এর চেক করার ব্যাপারে ক্লিনারদের অংশগ্রহণ অপরিহার্য। ক্লিনাররাই নিশ্চিত করবেন যে CAF স্টার রেটিং পদ্ধতি প্রকৃত ফলাফল দিচ্ছে - যে ঘরগুলোতে টিক চিহ্ন দেয়া হচ্ছে সেগুলো বাস্তবতার ভিত্তিতেই দেয়া হচ্ছে। এটি করার জন্য CAF সব স্টেকহোল্ডারদের সঙ্গে মিলে ক্লিনারদের উৎসাহ দিতে এবং তাদের কর্মস্থলের পরিবেশ সম্পর্কে কথা বলার জন্য তাদের ক্ষমতায়ন করতে কাজ করে।

CAF প্রতিনিধি ক্লিনারদের সহায়ক কেন



CAF প্রতিনিধি

CAF স্টার রেটিং শুধু বছরে একবার চেক করার মাধ্যমে দেয়া হচ্ছে না তা নিশ্চিত করতে ক্লিনাররা একজন CAF প্রতিনিধি মনোনীত করবেন (যিনি নিজেও একজন ক্লিনার হবেন) যিনি তাদের ভবনে CAF মানদণ্ডগুলো পর্যবেক্ষণ করার ক্ষেত্রে তাদেরকে সাহায্য করার উদ্দেশ্যে প্রশিক্ষণ, সহায়তা এবং ভাতা পাবেন। যদিও সব ক্লিনারই CAF মানদণ্ডগুলো পর্যবেক্ষণের জন্য দায়িত্বশীল, CAF প্রতিনিধি নতুন ও বিদ্যমান ক্লিনারদের তাদের প্রশ্ন বা উদ্বেগগুলোর ব্যাপারে সহায়তা করার জন্য এবং তাদের নিয়োগকারীর কাছে তাদের সমস্যার কথা জানানোর ক্ষেত্রে সাহায্য করার জন্য কাজ করেন।

একসঙ্গে আমরা পরিষ্কার-পরিচ্ছন্নতা শিল্পে
একটি ইতিবাচক পরিবর্তন আনতে পারবো।

CAF সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন
CLEANINGACCOUNTABILITY.ORG.AU